

তুমি কোন্ পথে যে এলে পথিক আমি দেখি নাই তোমারে ।
 হঠাৎ স্বপন-সম দেখা দিলে বনেরই কিনারে ॥
 ফাগুনে যে বাণ ডেকেছে মাটির পাথারে ।
 তোমার সবুজ পালে লাগল হাওয়া, এলে জোয়ারে ।
 ভেসে এলে জোয়ারে— যৌবনের জোয়ারে ॥
 কোন্ দেশে যে বাসা তোমার কে জানে ঠিকানা ।
 কোন্ গানের সুরের পারে তার পথের নাই নিশানা ।
 তোমার সেই দেশেরই তরে আমার মন যে কেমন করে—
 তোমার মালার গন্ধে তারি আভাস আমার প্রাণে বিহারে ॥

Parjaay: Prakriti / Basanta, Taal: Dadra, Style: Kirtan
 Visit www.geetabitan.com for notation and other detail